

## একই দিনে দুই পরীক্ষা

একজন বেকারের নিকট একটি চাকুরীর বিজ্ঞপ্তি অনেক হতাশার মধ্যে একটু আশার আলো। আর তাই আমরা বেকারেরা চাকুরীর বিজ্ঞপ্তি দেখিলেই বাবার পয়সা খরচ করিয়া ফটোকপি, ছবি, ব্যাংক ড্রাফট ইত্যাদির কামেলা পোহাইয়া দরখাস্ত করিয়া থাকি। সম্প্রতি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অধীনে 'পল্লী উন্নয়ন কর্মকর্তা' এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অধীনে 'সহকারী থানা শিক্ষা অফিসার'-এই পদ দুইটির লিখিত পরীক্ষা একই দিনে অর্থাৎ ৩০/৭/৯৯ তারিখ শুক্রবার যথাক্রমে সকাল ১০ টা ও ৯ টা ৩০ মিনিটে অনুষ্ঠিত হইবে। আমরা যাহারা উভয় পরীক্ষার প্রবেশপত্র পাইয়াছি, তাহারা অন্তত একটি পরীক্ষা দিতে পারিব না। আর একটি পরীক্ষা না দেওয়া মানে একটি চাকুরীর সুযোগ হাতছাড়া হইয়া যাওয়া। এমতাবস্থায়, আমরা যাহাতে উভয় পরীক্ষাতেই অংশ নিতে পারি, সেজন্য যে কোন একটি পরীক্ষার তারিখ পিছাইয়া দিবার বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষদের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

নাগমা শিলভীয়া খান  
প্রতীক্ষা, আকুয়ামোড়ল বাড়ি  
ময়মনসিংহ।